Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 30 April, 2025

নোয়াখালী সদরে বিএডিসির গুদামরক্ষক ও যুবলীগ নেতা মিরাজ হোসেন শান্তকে (৩৫) গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার (৩০ এপ্রিল) সকালে বিষয়টি নিশ্চিত করেন সুধারাম থানার (ওসি) মো.কামরুল ইসলাম। তিনি বলেন, গতকাল রাত পৌনে ৯টার দিকে মাইজদীর সরকারি আবাসিক এলাকার সামনে স্থানীয়রা তাকে আটক করে।পরে তাকে আটক করে একই দিন রাতে লক্ষীপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গ্রেপ্তার শান্ত লক্ষ্মীপুরের কমলনগর উপজেলা যুবলীগের সদস্য এবং ওই এলাকার মো. শাহজাহানের ছেলে।তিনি নোয়াখালীতে বিএডিসির গুদামরক্ষক ছিলেন।

স্থানীয়রা জানায়, শান্ত লক্ষ্মীপুরে যুবলীগের রাজনীতির সাথে সম্পৃক্ত ছিলেন।তার বিরুদ্ধে বৈষম্যবিরোধী ছাত্র জনতার ওপর হমালার সাথে জড়িত থাকার অভিযোগ ছিল।এছাড়া জেলার বিভিন্ন থানায় তার সহযোগিতায় ও ইন্ধনে বৈষম্যবিরোধী ছাত্র জনতার হামলার ঘটনা ঘটে। নোয়াখালীতে সাংবাদিকের ওপর হামলার মামলারও আসামি ছিলেন শান্ত।আওয়ামী রাজনীতিতে জড়িত থাকায় চাকরিতে সরকারি নিয়ম নীতির কোন তোয়াক্কা করতেন না তিনি।

সুধারাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. কামরুল ইসলাম জানান, স্থানীয়দের তথ্যের ভিত্তিকে তাকে আটক করে থানায় আান হয়। পরে রাতেই তাকে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়।তার বিরুদ্ধে বিস্ফোরকসহ অন্যান্য ধারায় তিনটি মামলা রয়েছে।

পুলিশ যুবলীগ নেতা নোয়াখালী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:11

URL: https://www.timestodaybd.com/across-the-country/7396391633